



আল আকসা মসজিদে জুমার নামাজে নিষেধাজ্ঞা ইসরায়েলের



সংগৃহীত ছবি

চলমান সংঘাতের প্রেক্ষাপটে পবিত্র আল আকসা মসজিদে রমজানের তৃতীয় জুমার নামাজ আদায়ে নতুন করে বিধিনিষেধ জারি করেছে ইসরায়েলি কর্তৃপক্ষ। বৃহস্পতিবার (৫ মার্চ) প্রকাশিত এক ভিডিওবার্তায় এ নির্দেশনার কথা জানায় ইসরায়েলি প্রতিরক্ষাবাহিনী (আইডিএফ)। একই সঙ্গে জেরুজালেম শহরের বিভিন্ন ধর্মীয় স্থাপনায় প্রবেশেও সীমাবদ্ধতা আরোপের ঘোষণা দেওয়া হয়েছে।

চলতি রমজানে এ ধরনের সিদ্ধান্ত প্রথমবারের মতো নেওয়া হলো। এর আগে রমজানের প্রথম দুই জুমায় হাজারো ফিলিস্তিনি মুসল্লি আল আকসা প্রাঙ্গণে জুমার নামাজ আদায় করেন। এবারের রমজানে পশ্চিম তীর থেকে সর্বোচ্চ ১০ হাজার ফিলিস্তিনিকে আল আকসায় এসে নামাজ আদায়ের অনুমতি দিয়েছিল ইসরায়েলি প্রশাসন।

জেরুজালেমে অবস্থিত আল আকসা মসজিদ মুসলমানদের তৃতীয় পবিত্রতম স্থান হিসেবে বিবেচিত। ১৯৬৭ সালের ছয় দিনের যুদ্ধের পর পূর্ব জেরুজালেম দখলে নেয় ইসরায়েল।

LENS ASIA